

## বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট

তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপনঃ

তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে (৩০/০৭/২০২৫) “পাটের গবেষণা ও উন্নয়ন ভাবনা” বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজেআরআই এর সম্মানিত মহাপরিচালক ড. নার্গীস আক্তার মহোদয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত উপ-সচিব (প্রশাসন-৫ অধিশাখা) জনাব মোঃ সাইদুর রশিদ।

মূল প্রবন্ধ উপস্থাপনা করেন পিটিসি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ লুৎফর রহমান এবং আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিজেআরআই এর কারিগরি উইং এর পরিচালক ইঞ্জিনিয়ার মোঃ মোসলেম উদ্দিন এবং জুট-টেক্সটাইল উইং এর পরিচালক ড. ফেরদৌস আরা দিলরুবা।

পিটিসি বিভাগের পরিচালক ড. মাহমুদ আল হোসেন সেমিনারে সভাপতিত্ব করেন। আরও উপস্থিত ছিলেন বিজেআরআই এর সকল বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাগণ, পরিচালক (প্রশাসন ও অর্থ) ড. মোঃ ইয়ারউদ্দিন সরকারসহ বিজেআরআই এর বিভিন্ন স্তরের বিজ্ঞানী এবং বিভিন্ন স্কুল/কলেজ হতে আগত শিক্ষার্থীবৃন্দ।



